

MAY 1987

১০০৫

১৯ (৯ মে মাস, ১৩৪৮)

চৈতান্ত ইন্ডিলা/ব

13

বিএসসি, বিকম পাস ও সার্বসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের
বিএসসি, বিকম পাস ও সার্বসিডিয়ারী
এবং বিএসসি পাস গার্হস্থ অধিনিতি
পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশ করা
হয়েছে। বিএসসি পাস পরীক্ষায় পাসের
হার শতকরা ৪৭ দশমিক ১৬,
সার্বসিডিয়ারী পরীক্ষার পাসের হার
পাসের হার ৬৫৮ শতকরা ৫৫।

পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর
শতকরা ৩০ দশমিক ১ ডাগ বিকম
পাস ও সার্বসিডিয়ারী পরীক্ষার পাসের
হার যথাক্রমে শতকরা ৩৪ দশমিক ২
এবং শতকরা ৪০ দশমিক ২। বিএসসি
পাস গার্হস্থ অধিনিতি পরীক্ষায় পাসের
হার শতকরা ৭১ দশমিক ৫। বিকম পাস
পরীক্ষায় ২৭টি কলেজের এবং বিএসসি
পাস পরীক্ষায় ২টি কলেজের একজন
পরীক্ষার্থীও পাস করতে পারেন।

বিএসসি পাস পরীক্ষায় মোট ৬ হাজার
২শ' ১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে।
তদ্ধূৰে ৬ জন ১ম বিভাগে, ১ হাজার
১শ' ৮৭ জন ২য় বিভাগে এবং ১ হাজার
৭শ' ৭৬ জন তৃতীয় বিভাগে উন্নীশ
হয়েছেন।

বিএসসি সার্বসিডিয়ারী পরীক্ষায় মোট ২
হাজার ৫শ' ১৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ
করে। এর মধ্যে ৮শ' ৪ জন পরীক্ষার্থী
কৃতকার্য হয়েছেন।

বিকম পাস পরীক্ষায় ৫ হাজার ৮শ' ৪২
জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন।
কৃতকার্য হন ১ম বিভাগে ২ জন, ২য়
বিভাগে ৩শ' ২৩ জন এবং তৃতীয়
বিভাগে ১ হাজার ৬শ' ৭৩ জন।

বিকম সার্বসিডিয়ারী পরীক্ষায়
অংশগ্রহণকারী ২ হাজার ৪শ' ৭৩ জন
পরীক্ষার্থীর মধ্যে ১শ' ১৫ জন কৃতকার্য
হয়েছেন।

বিএসসি পাস গার্হস্থ অধিনিতি পরীক্ষায়
কেউই প্রথম বিভাগে উন্নীশ হতে
পারেননি। ১শ' ২৩ জন পরীক্ষার্থী এ
পরীক্ষায় অংশগ্রহণ করেন। কৃতকার্য হন
মোট ৮৮ জন। তদ্ধূৰে ২য় বিভাগে ৮৬
জন এবং ৩য় বিভাগে ২ জন।

এছাড়া গতকাল বিএসসি সার্টিফিকেট
কোর্স পরীক্ষার ফলাফলও প্রকাশ করা
হয়েছে। এ পরীক্ষায় অংশগ্রহণকারী মোট
৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ জন কৃতকার্য
হয়েছেন। পাসের হার শতকরা ৬০।